গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং: ৪৬.০০.০০০০.০৭০.০৬.০০৩.২২-১০৭৫

তারিখ: ৩১ ভাদ্র ১৪২৯
১৫ সেপ্টেম্বর ২০২২

**বিষয়: সিটি কর্পোরেশন ও এর আওতাধীন ওয়ার্ড পর্যায়ে 'সামাজিক-সম্প্রীতি' কমিটি গঠন ও 'সম্প্রীতি সমাবেশ' আয়োজন।**

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২-১৮, তারিখ: ২৮ জুলাই ২০২২ খ্রি.।

উপর্যুক্ত বিষয়ে সূত্রে বর্ণিত পত্রের নির্দেশনা বাস্তবায়নে সিটি কর্পোরেশন অধিক্ষেত্রে ও এর আওতাধীন ওয়ার্ড পর্যায়ে নিম্নবর্ণিত রূপরেখা ও কার্যপরিধি অনুযায়ী 'সামাজিক-সম্প্রীতি' কমিটি গঠন ও কার্যক্রম গ্রহণপূর্বক এ বিভাগকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

**(১) সিটি কর্পোরেশন পর্যায়ে 'সামাজিক-সম্প্রীতি' কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | মেয়র, সিটি কর্পোরেশন | সভাপতি |
| ২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন | সহ-সভাপতি |
| ৩. | কাউন্সিলর-০৫ (পাঁচ) জন [সংরক্ষিত আসনের ০২(দুই) জনসহ] (মাননীয় মেয়র কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৪. | বিশিষ্ট শিক্ষাবিদ-০২ জন | সদস্য |
| ৫. | বিশিষ্ট সমাজ-সেবক/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি-০২ (দুই) জন | সদস্য |
| ৬. | বীর মুক্তিযোদ্ধা-০১ (এক) জন | সদস্য |
| ৭. | নারী সমাজসেবক- ০১ (এক) জন | সদস্য |
| ৮. | মসজিদের ইমাম- ০১ (এক) জন | সদস্য |
| ৯. | মন্দিরের পুরোহিত ০১ (এক) জন | সদস্য |
| ১০. | হিন্দু, বৌদ্ধ ও খ্রিস্টান সম্প্রদায়ের ০১(একজন) প্রতিনিধি | সদস্য |
| ১১. | পূজা উদযাপন কমিটি/পরিষদ-এর ০১(একজন) প্রতিনিধি | সদস্য |
| ১২. | স্বেচ্ছাসেবী-৫ (পাঁচ) জন (স্কাউট/গার্ল গাইড/বিএনসিসি/এনজিও প্রতিনিধি) | সদস্য |
| ১৩. | প্রধান সমাজকল্যাণ কর্মকর্তা, সংশ্লিষ্ট সিটি কর্পোরেশন | সদস্য-সচিব |

এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**কমিটির কার্যপরিধি:**

(ক) এ কমিটি সিটি কর্পোরেশন এলাকায় সম্প্রীতি-সমাবেশ, উদ্বুদ্ধকরণ সভা, জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে বিদ্যমান আন্তঃধর্মীয় সম্পর্ক ও সামাজিক বন্ধনকে সুসংহত রাখাসহ অসাম্প্রদায়িক চেতনায় ধর্মীয় ও সামাজিক বন্ধনকে এগিয়ে নিতে সর্বদা সচেষ্ট থাকবে;

(খ) ধর্মীয় উগ্রবাদ, জঙ্গীবাদ, সহিংসতা ও সন্ত্রাসবাদকে প্রতিহত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ করবে;

(গ) সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধকল্পে প্রয়োজনীয় প্রচার ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবে;

(ঘ) মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডাসহ সকল উপাসনালয়ের নিরাপত্তা বিধানে কার্যকর সহায়তা প্রদান করবে;

(ঙ) সকল ধর্মীয় উৎসব যথাযথ ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে উদযাপনের পরিবেশকে অক্ষুণ্ন রাখতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;

(চ) বিভিন্ন ধর্মের শান্তি ও সৌহার্দের বাণীসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

**(২) সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে 'সামাজিক-সম্প্রীতি' কমিটির রূপরেখা:**

| | | |
|---|---|---|
| ১. | কাউন্সিলর, সংশ্লিষ্ট সাধারণ ওয়ার্ড | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট এলাকার সংরক্ষিত আসনের কাউন্সিলর | সহ- সভাপতি |
| ৩. | মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষক-০১(এক) জন | সদস্য |
| ৪. | বিশিষ্ট সমাজ-সেবক/স্থানীয় গণ্যমান্য ব্যক্তি-০২ (দুই) জন | সদস্য |
| ৫. | শিক্ষা প্রতিষ্ঠানের গভর্নিং বডির সদস্য-০১ (এক) জন | সদস্য |
| ৬. | নারী সমাজসেবক-০১ (এক) জন | সদস্য |
| ৭. | সহকারী স্বাস্থ্য কর্মকর্তা (আঞ্চলিক অফিস)- ০১ (এক) জন | সদস্য |

| | | |
|---|---|---|
| ৮. | সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা (আঞ্চলিক অফিস)- ০১ (এক) জন | সদস্য |
| ৯. | মসজিদের ইমাম- ০১ (এক) জন | সদস্য |
| ১০. | মন্দিরের পুরোহিত- ০১ (এক) জন | সদস্য |
| ১১. | পূজা উদযাপন কমিটি/পরিষদ-এর ০১(একজন) প্রতিনিধি | সদস্য |
| ১২. | স্বেচ্ছাসেবী-৩ (তিন) জন (স্কাউট/গার্ল গাইড/বিএনসিসি/এনজিও প্রতিনিধি) | সদস্য |
| ১৩. | ওয়ার্ড সচিব | সদস্য-সচিব |

এ কমিটি কাজের সুবিধার্থে এক বা একাধিক সদস্য কো-অপ্ট করতে পারবে।

**কমিটির কার্যপরিধি:**

(ক) এ কমিটি সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে সম্প্রীতি সমাবেশ, উদ্বুদ্ধকরণ সভা, জনসচেতনতামূলক কার্যক্রম গ্রহণের মাধ্যমে বিদ্যমান আন্তঃধর্মীয় সম্পর্ক ও সামাজিক বন্ধনকে সুসংহত রাখাসহ অসাম্প্রদায়িক চেতনায় ধর্মীয় ও সামাজিক বন্ধনকে এগিয়ে নিতে সর্বদা সচেষ্ট থাকবে;

(খ) ধর্মীয় উগ্রবাদ, জঙ্গীবাদ, সহিংসতা ও সন্ত্রাসবাদকে প্রতিহত করার লক্ষ্যে প্রয়োজনীয় প্রচার ও উদ্বুদ্ধকরণ কার্যক্রম গ্রহণ করবে;

(গ) সামাজিক যোগাযোগ মাধ্যমের অপব্যবহার রোধকল্পে প্রয়োজনীয় প্রচার ও সচেতনতামূলক কার্যক্রম গ্রহণ করবে;

(ঘ) মসজিদ, মন্দির, গির্জা, প্যাগোডাসহ সকল উপাসনালয়ের নিরাপত্তা বিধানে কার্যকর সহায়তা প্রদান করবে;

(ঙ) সকল ধর্মীয় উৎসব যথাযথ ভাবগাম্ভীর্য ও উৎসাহ উদ্দীপনার মাধ্যমে উদযাপনের পরিবেশকে অক্ষুণ্ন রাখতে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;

(চ) বিভিন্ন ধর্মের শান্তি ও সৌহার্দের বাণীসমূহ ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে।

০২। কমিটির যাবতীয় ব্যয়ভার বিধিমোতাবেক সিটি কর্পোরেশনের নিজস্ব/রাজস্ব তহবিল হতে নির্বাহ করতে হবে।

০৩। প্রতি ০৩(তিন) মাসে কমপক্ষে ০১(এক)টি 'সম্প্রীতি সমাবেশ' আয়োজনপূর্বক এ সম্পর্কিত প্রতিবেদন এ বিভাগে প্রেরণের জন্যও অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

১৫.০৭.২০২২

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
......................................সিটি কর্পোরেশন (সকল)।

**অনুলিপি (কার্যার্থে): (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

(১) মাননীয় মেয়র,.................................... সিটি কর্পোরেশন (সকল)।
(২) অতিরিক্ত সচিব(সকল)/মহাপরিচালক (মইই), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৩) যুগ্মসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) পরিচালক (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৫) উপসচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) মেয়রের একান্ত সচিব, ......................................সিটি কর্পোরেশন (সকল)।
(৭) সিনিয়র সহকারী সচিব (সকল), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে-

(১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(২) প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
(৩) সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৪) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ/কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ/মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়/ধর্ম মন্ত্রণালয়।
(৫) মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৬) পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
(৭) উপসচিব (প্রশাসন-১), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৮) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(৯) প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(১০) অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**প্রধানমন্ত্রীর কার্যালয়**

পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ......০৩.০০.২৬৯০.০৮২.০৬.০০১.২০২২- ২৮

তারিখ ১৩ শ্রাবণ ১৪২৯
২৮ জুলাই ২০২২

**বিষয়ঃ ইউনিয়ন/ উপজেলা/ জেলা/ পৌরসভা/ সিটি কর্পোরেশনে সামাজিক-সম্প্রীতি কমিটি গঠন ও সম্প্রীতি সমাবেশ আয়োজন সংক্রান্ত অনুমোদিত প্রস্তাবের উদ্ধৃতাংশ প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ে নিম্নোক্ত প্রস্তাব যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত হয়েছেঃ

*** *** *** *** **** **** *** *** *** *** ***

"সিটি কর্পোরেশনের মেয়র ও পৌরসভার মেয়রগণ উপরোক্ত কমিটির আলোকে নিজ নিজ অধিক্ষেত্রে কমিটি গঠনসহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করবে এবং সম্প্রীতি সমাবেশ আয়োজনের ব্যবস্থা গ্রহণ করবে।"

*** *** *** *** **** **** *** *** *** *** ***

*স্বাক্ষরিত/-২৪.০৭.২০২২*

০২। বর্ণিত বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ডায়েরি নং.....৭০৪.....তারিখ.................
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয়ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

২৮/০৭/২০২২

(এ. কে. এম. মনিরুজ্জামান)
পরিচালক (প্রশাসন)
ফোনঃ +৮৮-০২-৫৫০২৯৪৩৫
ই-মেইলঃ section.dir15@pmo.gov.bd

সচিব
স্থানীয় সরকার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব
২) মহাপরিচালক
৩) যুগ্মসচিব
৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন
২) নগর উন্নয়ন
৩) উন্নয়ন
৪) পানি সরবরাহ (পাস)
৫) উপজেলা অধিশাখা
৬) ইউপি অধিশাখা
৭) অডিট অধিশাখা
৮) আইন অধিশাখা
ডায়েরি নং ঃ
তারিখ ঃ
স্বাক্ষর

অনুলিপিঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০৪. প্রধানমন্ত্রীর একান্ত সচিব-১, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৫. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা
০৬. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব/সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা

অতি:/যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
নম্বর.................তারিখ.........
অতিরিক্ত সচিব (প্রশাসন)